

শিক্ষার্থীদের জন্য ‘প্যাক এশিয়া আন্তর্জাতিক শিক্ষামেলা’

সংবাদ বিজ্ঞপ্তি

১০ জুন ২০২৬, ০২:৪৮ পিএম



প্যাক এশিয়া বাংলাদেশের উদ্যোগে আগামী শনিবার (১৩ জুন) রাজধানী ঢাকার বনানীতে অনুষ্ঠিত হতে যাচ্ছে ‘গ্লোবাল এডুকেশন এক্সপো ২০২৬’। উচ্চশিক্ষার জন্য অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, কানাডা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইউরোপ ও মালয়েশিয়ায় যেতে ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য এটি একটি চমৎকার সুযোগ।

বনানীর কামাল আতাতুর্ক এভিনিউয়ের ১৮ নম্বর বাড়ীর ‘ইরেস্টরস হাউজ’ (৬ষ্ঠ তলা)-এ অবস্থিত প্যাক এশিয়ার নিজস্ব কার্যালয়ে মেলাটি অনুষ্ঠিত হবে। আগামী শনিবার সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলা এই আন্তর্জাতিক শিক্ষামেলায় শিক্ষার্থীরা কোনো প্রবেশ ফি ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে অংশগ্রহণ করতে পারবেন।

এবারের মেলায় অন্যতম প্রধান আকর্ষণ হলো শিক্ষার্থীদের জন্য ২৫ থেকে শুরু করে ১০০ শতাংশ পর্যন্ত স্কলারশিপের সুযোগ। মেলায় বিশ্বের বিভিন্ন দেশের নামী-দামী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ সরাসরি উপস্থিত থাকবেন। তারা শিক্ষার্থীদের শিক্ষাগত যোগ্যতা মূল্যায়ন করবেন এবং যোগ্য প্রার্থীদের তাৎক্ষণিক স্কলারশিপসহ ভর্তির প্রাথমিক সুযোগ প্রদান করবেন।

অংশগ্রহণকারী দেশ ও শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ:

মেলায় অস্ট্রেলিয়ার বেশ কিছু শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ সরাসরি অংশ নিচ্ছে। এর মধ্যে রয়েছে নিউক্যাসল বিশ্ববিদ্যালয়, গ্রিফিথ বিশ্ববিদ্যালয়, সাউদার্ন ক্রস বিশ্ববিদ্যালয়, সাউদার্ন কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়, ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয়, তাসমানিয়া বিশ্ববিদ্যালয়, ক্যানবেরা বিশ্ববিদ্যালয় (সিডনি), সানশাইন কোস্ট বিশ্ববিদ্যালয় (অ্যাডিলেড), চার্লস স্টুয়ার্ট বিশ্ববিদ্যালয়, লা ট্রোব বিশ্ববিদ্যালয় (সিডনি), ওয়েস্টার্ন সিডনি বিশ্ববিদ্যালয়, কার্টিন কলেজ, এডিথ কোয়ান কলেজ, ওয়েস্টার্ন সিডনি কলেজ, এসআইবিটি (SIBT), গ্রিফিথ কলেজ, ডিকিন কলেজ, লা ট্রোব কলেজ, আইসব্যারি কলেজ এবং এসএআইবিটি (SAIBT)।

নিউজিল্যান্ড থেকে থাকছে ক্যান্টারবেরি বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল কলেজ, ওয়াইকাটো কলেজ এবং এসএই (SAE) ক্রিয়েটিভ মিডিয়া ইনস্টিটিউট। কানাডা ও যুক্তরাষ্ট্রের শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে থাকছে ওয়েস্টার্ন ইন্টারন্যাশনাল কলেজ, ফ্রেজার ইন্টারন্যাশনাল কলেজ, ইন্টারন্যাশনাল কলেজ ম্যানিটোবা, টরন্টো মেট্রোপলিটন কলেজ, লেথব্রিজ ইন্টারন্যাশনাল কলেজ ও কুইন্স কলেজ সহ আরও অনেক প্রতিষ্ঠান।

এছাড়া ইউরোপের দেশ নেদারল্যান্ডসের দ্য হেগ পাথওয়ে কলেজ, হাঙ্গেরির পেচ বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার খ্যাতনামা ইনটি বিশ্ববিদ্যালয়, ইউসিএসআই (UCSI) বিশ্ববিদ্যালয়, সেগি (SEGi) বিশ্ববিদ্যালয়, টেইলরস বিশ্ববিদ্যালয় ও সানওয়ে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরাও মেলায় উপস্থিত থাকবেন।

শিক্ষার্থীরা যেসব সুবিধা ও তথ্য পাবেন:

মেলায় আগত শিক্ষার্থীরা গ্লোবাল এডুকেশন সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য ও পরামর্শ সরাসরি বিশেষজ্ঞদের কাছ থেকে জানতে পারবেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো— পছন্দসই বিশ্ববিদ্যালয়ের আবেদন প্রক্রিয়া, স্কলারশিপের যোগ্যতা, পড়াশোনার পাশাপাশি পার্ট-টাইম ও ফুল-টাইম কাজের সুযোগ, কোর্স শেষে পোস্ট-স্টাডি ওয়ার্ক পারমিট, স্পন্সরশিপের নিয়মাবলী, বিদেশে আবাসন সুবিধা এবং আইইএলটিএস (IELTS) প্রস্তুতি বিষয়ক গাইডলাইন।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছে, মেলার দিন সরাসরি স্পট অ্যাপ্লিকেশন বা আবেদন করলে অনেক বিশ্ববিদ্যালয় তাদের নির্ধারিত আবেদন ফি (Application Fee) মওকুফ বা ছাড় দেবে। মেলাটি সবার জন্য উন্মুক্ত রাখা হয়েছে।